

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.১৩৭

তারিখ: ৫ পৌষ ১৪২৮

২০ ডিসেম্বর ২০২১

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনেলে বাস্তবায়ন মামলা নং- ০১/২০২১ (মূল প্রশাসনিক ট্রাইব্যুনেল নং-৮২/২০০৮ (নতুন), ১১৮/২০০৬ (পুরাতন) পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব সাবিনা সুলতানা, ডাটা এন্ট্রি অপারেটর, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, খুলনা এবং জনাব মোঃ আবদুল মান্নান খান, ডাটা এন্ট্রি অপারেটর, শহীদ বেগম শেখ ফজিলাতুন নেছা মুজিব সরকারি মহাবিদ্যালয়, হাজারীবাগ, ঢাকা-এর ০১/০৭/১৯৯৯ তারিখ থেকে বকেয়াসহ টাইম স্কেল প্রদানের বিষয়কে কেন্দ্র করে প্রশাসনিক ট্রাইব্যুনেলে বাস্তবায়ন মামলা নং- ০১/২০২১ (মূল প্রশাসনিক ট্রাইব্যুনেল নং-৮২/২০০৮ (নতুন), ১১৮/২০০৬ (পুরাতন) দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে। বিগত ২৮/১২/২০২১ ইং তারিখে মধ্যে বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠসহ (যদি থাকে) অনুলিপি সহকারে ২ (দুই) প্রস্থ প্রশাসনিক ট্রাইব্যুনেলে দাখিল করার নির্দেশনা রয়েছে। উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনেলে বাস্তবায়ন মামলা নং- ০১/২০২১ (মূল প্রশাসনিক ট্রাইব্যুনেল নং-৮২/২০০৮ (নতুন), ১১৮/২০০৬ (পুরাতন) এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনেলের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারি জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকারপক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২০-১২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.১৩৭/১(৪)

তারিখ: ৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-১২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব